

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
ঢাকা ডিভিশন-১, মিরপুর, ঢাকা ।
ফোন-৯০০০০৬২ ।

দোকান / ডিপার্টমেন্টাল ষ্টোরের স্পেস বরাদ্দের বিজ্ঞপ্তি ।

এতদ্বারা জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের মিরপুরস্থ ৩৬০ ফ্ল্যাট প্রকল্পের বরাদ্দগ্রহীতা/ক্রয়সূত্রে মালিক/আমোক্তারগ্রহীতাদের নিকট হতে ঢাকা মিরপুরস্থ সেকশন-২, ব্লক-আই এ ৩৬০টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ শীর্ষক প্রকল্পের ভবন নং-৭ (কমিউনিটি এন্ড ইউটিলিটি ভবন) এ ৬৮৭.৬৫ বর্গফুট আয়তনের ডিপার্টমেন্টাল ষ্টোরের স্পেস বরাদ্দের নিমিত্তে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে ।

- (ক) প্রসপেক্টাস ও আবেদন পত্রের মূল্য : টাঃ ১,০০০/- (এক হাজার টাকা) মাত্র (অফেরতযোগ্য) ।
- (খ) ডিপার্টমেন্টাল ষ্টোরের স্পেস : ৬৮৭.৬৫ বর্গফুট (নীচ তলা) ।
- (গ) প্রতিযোগিতা মূলক দরপত্রের মাধ্যমে সর্বোচ্চ দরদাতা নির্ধারণের মাধ্যমে ১০ (দশ) বৎসরের জন্য দোকান স্পেস অস্থায়ী ইজারা চুক্তি / বরাদ্দ প্রদান করা হবে ।
- (ঘ) আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে ।
- (ঙ) জামানতের টাকার পরিমাণ সর্বমোট উদ্ধৃত মূল্যের ১০% (শতকরা দশ ভাগ) ।
- (চ) জামানতের টাকা চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেক্টর নবাগিচা, ঢাকার অনুকূলে বাংলাদেশ ব্যাংকের অনুমোদিত যে কোন তফসিল ব্যাংক হতে ব্যাংক ড্রাফট / পে-অর্ডার আকারে আবেদন পত্রের সাথে সংশ্লিষ্ট করতে হবে । অন্যথায় আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে ।
- (ছ) ডিপার্টমেন্টাল ষ্টোরের অস্থায়ী বরাদ্দ / ইজারা চুক্তির বিষয়ে কর্তৃপক্ষের যে কোন সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে গণ্য হবে এবং দরপত্র বাতিল / সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন ।
- (জ) প্রসপেক্টাস ও আবেদন পত্র আগামী ০৯/০৭/২০১৫ পর্যন্ত নিম্ন বর্ণিত দপ্তর সমূহ হতে অফিস চলাকালীন সময়ে ক্রয় করা যাবে ।
(১) নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন-১, জাগুক, মিরপুর-২, ঢাকা (২) নির্বাহী প্রকৌশলী, মিরপুর গৃহসংস্থান বিভাগ-২, জাগুক, মিরপুর-২, ঢাকা (৩) নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন-২, মোহাম্মদপুর, ঢাকা । (৪) নির্বাহী প্রকৌশলী, ই/এম ডিভিশন, জাগুক, সেক্টর নবাগিচা, ঢাকা ।
- (ঝ) প্রসপেক্টাস ও আবেদন পত্র জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ওয়েব সাইট www.nha.gov.bd.com দেখা যাবে ।
- (ঞ) নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন-১, জাগুক, মিরপুর-২, ঢাকার দপ্তরে ০৯/০৭/২০১৫ তারিখ বেলা ১:০০ ঘটিকা পর্যন্ত জমা দরপত্র দেয়া যাবে ।
- (ট) দরপত্র ০৯/০৭/২০১৫ তারিখে বেলা ২:০০ ঘটিকার সময় নির্বাহী, প্রকৌশলী, ঢাকা ডিভিশন-১ এর অফিস কক্ষে উন্মুক্ত করা হবে ।
- (ঠ) অন্যান্য তথ্য ও শর্তাবলী প্রসপেক্টাস হতে জানা যাবে ।

(তানজিলা খানম)
নির্বাহী প্রকৌশলী
ঢাকা ডিভিশন-১
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
মিরপুর, ঢাকা ।

